# যমুনা অয়েল কোম্পানী লিমিটেড

(বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)
যমুনা ভবন, আগ্রাবাদ বাণিজ্যিক এলাকা,
চট্টগ্রাম-৪১০০।

ফোন : +৮৮ ০২ ৩৩৩৩২০১৮১
: +৮৮ ০২ ৩৩৩৩২০১৮৩
ফ্যাক্স : +৮৮ ০২ ৩৩৩৩১৩২৮৯
e-mail : info@jamunaoil.gov.bd
web : www.jamunaoil.gov.bd


## ৫০তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

এতদ্বারা যমুনা অয়েল কোম্পানী লিমিটেড এর শেয়ারহোল্ডারবৃন্দের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ৩১ জানুয়ারি ২০২৬ খ্রি. (১৭ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ), শনিবার বিকাল ১১.০০ ঘটিকায় ডিজিটাল প্ল্যাটফর্ম এর মাধ্যমে নিম্নলিখিত বিষয়াদি বিবেচনার জন্য কোম্পানির ৫০তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হবে:

আলোচ্যসূচী

১. ২৫ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি. ১২ ফাল্গুন, ১৪৩১ বঙ্গাব্দ তারিখে অনুষ্ঠিত ৪৯ তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী ও সিদ্ধান্ত নিশ্চিতকরণ;
২. ২০২৫ সালের ৩০ জুন সমাপ্ত বছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী এবং উহার উপর কোম্পানির পরিচালকমন্ডলীর প্রতিবেদন গ্রহণ ও অনুমোদন;
৩. ২০২৫ সালের ৩০ জুন সমাপ্ত বছরের জন্য লভ্যাংশ ঘোষণা অনুমোদন;
৪. বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন কর্তৃক মনোনীত পরিচালক যাঁরা কোম্পানির আর্টিকেলস অব অ্যাসোসিয়েশন অনুযায়ী অবসর গ্রহণ করছেন তাঁদের পুনঃনিয়োগ অনুমোদন;
৫. কোম্পানির আর্টিকেলস অব অ্যাসোসিয়েশন এর ১২৮নং ধারা অনুযায়ী শেয়ারহোল্ডার পরিচালক নির্বাচন;
৬. ২০২৬ সালের ৩০ জুন সমাপ্য বছরের জন্য যুগ্ম-নিরীক্ষক নিয়োগ ও তাদের পারিশ্রমিক নির্ধারণ;
৭. ২০২৬ সালের ৩০ জুন সমাপ্য বছরের জন্য শেয়ারহোল্ডারদের উদ্দেশে কর্পোরেট গভর্নেন্স গাইডলাইনের শর্তাবলী মেনে চলার বিষয়ে প্রত্যায়ন পত্রের জন্য পেশাদার প্রতিষ্ঠান নিয়োগ ও তাদের পারিশ্রমিক নির্ধারণ এবং
৮. সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অন্য যে কোন বিষয় আলোচনা।

বোর্ডের নির্দেশক্রমে

০৭/১/২৬

(মোঃ মাসুদুল ইসলাম)
কোম্পানি সচিব

২৩ পৌষ, ১৪৩২ বঙ্গাব্দ
০৭ জানুয়ারি, ২০২৬ খ্রি.
আগ্রাবাদ, চট্টগ্রাম।

**দ্রষ্টব্য:**

১। রেকর্ড ডেট ২৪ ডিসেম্বর ২০২৫। রেকর্ড ডেট এ সিডিবিএল ডিপোজিটরি রেজিস্ট্রারে রেকর্ডভুক্ত শেয়ারহোল্ডারগণ বার্ষিক সাধারণ সভায় উপস্থিত থাকার ও অনুমোদিত লভ্যাংশ পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবেন।

২। সদস্যবৃন্দ এ ভার্চুয়াল সাধারণ সভায় উপস্থিত থাকতে এবং ভোট প্রদান করতে পারবেন কিংবা তাঁর পক্ষে উপস্থিত থাকতে এবং ভোট দানের জন্য অন্য একজন প্রক্সি নিয়োগ করতে পারবেন। সভা অনুষ্ঠানের জন্য নির্ধারিত সময়ের ৭২ ঘন্টা পূর্বে প্রক্সি ফরম নিয়মানুযায়ী স্ট্যাম্প সহকারে পূরণ করে কোম্পানির ইমেইল এড্রেস joclshares@gmail.com এ পাঠাতে হবে।

৩। শেয়ারহোল্ডারদের কে অনলাইন পোর্টালের মাধ্যমে ৫০তম বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণ করার লিংক https://jamunaoilagm50.digitalagmbd.net

৪। শেয়ারহোল্ডারগণ অনলাইনের মাধ্যমে বার্ষিক সাধারণ সভা শুরুর ৭২ ঘন্টা পূর্ব হতে এজিএম চলাকালীন সময়ে প্রশ্ন/মন্তব্য এবং ভোট প্রদান করতে পারবেন। বার্ষিক সাধারণ সভায় সরাসরি অংশগ্রহণ করার জন্য শেয়ারহোল্ডারদের ১৬ ডিজিটের বিও আইডি নম্বর এবং শেয়ার সংখ্যা দরকার হবে।

৫। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর নোটিফিকেশন নং BSEC/CMRRCD/2006-158/208/Admin/81 তারিখ: ২০ জুন ২০১৮, অনুযায়ী ২০২৪-২০২৫ এর বার্ষিক প্রতিবেদন শেয়ারহোল্ডারদের ই-মেইলে প্রেরণ করা হবে এবং কোম্পানির ওয়েবসাইট http://www.jamunaoil.gov.bd এ ২০২৪-২০২৫ এর বার্ষিক প্রতিবেদন পাওয়া যাবে।

৬। সংশ্লিষ্ট ব্রোকারেজ হাউস এবং মার্চেন্ট ব্যাংকারদের কাছে শেয়ার রয়েছে এমন মার্জিন ঋণধারীদের যারা রেকর্ডের তারিখে কোম্পানির শেয়ার ধারণ করেছে তাদের বিশদ বিবরণ (যেমন; শেয়ারহোল্ডারদের নাম, বিও আইডি নাম্বার, ই-টিআইএন নাম্বার, গ্রস লভ্যাংশ, প্রযোজ্য করের হার এবং নিট লভ্যাংশ) কোম্পানি বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হচ্ছে। ব্রোকারেজ হাউস এবং মার্চেন্ট ব্যাংকারদের আগামী ১৫ জানুয়ারি ২০২৬ খ্রি. তারিখ বা তার আগে আমাদের কাছে তাদের ব্যাংকের নাম, অ্যাকাউন্ট নাম্বার, রাউটিং নাম্বার ইত্যাদি সরবরাহ করার জন্য অনুরোধ করা হচ্ছে।



CamScanner